RSV Pregnancy Leaflet: Bengali

শ্বাসযন্ত্র বা রেসপিরেটরি সাইনসিটিয়াল ভাইরাস থেকে আপনার শিশুকে সুরক্ষা প্রদান করুন

RSV ভ্যাকসিন

RSV সংক্রমণের কারণে তৈরী হওয়া গুরুতর অসুস্থতার বিরুদ্ধে আপনার শিশুকে সুরক্ষা প্রদানে গর্ভাবস্থায় রেসপিরেটরি সাইনসিটিয়াল ভাইরাস (RSV) ভ্যাকসিন দেওয়া হয়। ভ্যাকসিন ভাইরাসের বিরুদ্ধে আরও অ্যান্টিবডি তৈরি করে আপনার রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ায়। এই অ্যান্টিবডিগুলো আপনার শিশুর জন্মের দিন থেকে সুরক্ষা প্রদানে সাহায্য করার জন্য প্ল্যাসেন্টা বা গর্ভের নাড়ীর মধ্য দিয়ে যায়। আপনার শিশুকে গুরুতর রোগ এবং অসুস্থতা থেকে রক্ষা করার সবচেয়ে ভালো উপায় হলো সুপারিশ করা ভ্যাকসিনগুলো সঠিক সময়ে দেওয়া।

RSV কী?

RSV একটি সাধারণ শ্বাসযন্ত্র বা রেসপিরেটরি ভাইরাস যা সারা বছরই সংক্রমণ ঘটিয়ে থাকে, যদিও শীতকালে এটির দ্বারা সংক্রমণ সর্বোচ্চ পর্যায়ে পৌঁছায়। এটি অত্যন্ত সংক্রামক এবং এই ভাইরাসে আক্রান্ত ব্যক্তিদের কাশি বা হাঁচির মাধ্যমে এটি সহজেই ছড়িয়ে পড়ে। স্কটল্যান্ডে, RSV হল শিশুদের শ্বাসযন্ত্রের (নিঃশ্বাস-প্রশ্বাস) জরুরি সংক্রমণে হাসপাতালে ভর্তির প্রধান কারণ।

RSV এর মাধ্যমে ব্রঙ্কিওলাইটিস হতে পারে, একটি সংক্রমণ যা ফুসফুসের ছোট শ্বাসনালীগুলোকে সংক্রামিত এবং স্ফীত করে। ব্রঙ্কিওলাইটিস শিশুদের হাসপাতালে ভর্তি হওয়ার একটি সাধারণ কারণ।

RSV এর লক্ষণ

শিশু এবং নবজাতকদের মধ্যে RSV এর রোগের লক্ষণগুলি সংক্রমণের 3 থেকে 5 দিন পর দেখা দিতে পারে। RSV এর লক্ষণগুলির মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে:

- **সর্দি বা বন্ধ নাক বন্ধ হওয়া**
- **শ্বাস প্রস্বাস নিতে অসুবিধা, দ্রুত বা ঘড়ঘড়ে শব্দ হওয়া (শ্বাসকষ্ট)**
- **খাওয়াতে অসুবিধা**
- **কাশি**
- **ঘরঘরে কাশি (সারতে না চাওয়া কাশি)**
- **যন্ত্রণাদায়ক কানের সংক্রমণ**
- **জ্বর**
- **অস্থির হওয়া বা শান্ত করা কঠিন**
- **ক্লান্তি বা অবসাদ।**

কে ঝুঁকিতে আছে?

2 বছরের কম বয়সী শিশু এবং শিশুরা বেশি ঝুঁকিতে থাকে। RSV আরও গুরুতর হতে পারে:

- **সময়ের আগে জন্মানো শিশু**
- **নবজাতক শিশু, বিশেষ করে প্রথম 6 মাসে**
- **যাদের হার্ট, শ্বাস-প্রশ্বাস বা রোগ প্রতিরোধ ক্ষমতা সংক্রান্ত সমস্যা রয়েছে।**

RSV ভ্যাকসিন

আপনার গর্ভাবস্থার 28 সপ্তাহ থেকে আপনাকে RSV ভ্যাকসিন নেওয়ার সুপারিশ করা হবে। আপনি এক বা একাধিক সন্তান সম্ভাবা হন বা না হন, আপনাকে একটি একক ডোজই দেওয়া হবে। 28তম সপ্তাহে বা তার পরে কয়েক সপ্তাহের মধ্যে ভ্যাকসিন গ্রহণ করলে আপনার শিশুর মধ্যে সর্বোত্তম স্তরের সুরক্ষা সঞ্চারিত হবে, যা বিশেষ করে সাহায্য করবে যদি আপনার শিশু সময়ের আগে জন্মগ্রহণ করে। আপনার গর্ভাবস্থার পরের দিকেও আপনি টিকা নিতে পারবেন। এটি আপনার শিশুকে হয়ত একই পর্যায়ের সুরক্ষা প্রদান করবে না তবে এটি আপনাকে RSV সংক্রমণ থেকে রক্ষা করতে সাহায্য করবে এবং আপনার শিশুর কাছে এই সংক্রমণের ঝুঁকি কমাবে।

ভ্যাকসিনটি সাধারণত উপরের বাহুতে ইনজেকশন হিসাবে দেওয়া হবে। ভ্যাকসিনটি RSV অসুখটি ঘটায় না।

গত শীতে স্কটল্যান্ডে, টিকা প্রাপ্ত মায়েদের জন্মানো শিশুরা টিকা না নেওয়া মায়েদের জন্মানো শিশুদের তুলনায় RSV নিয়ে হাসপাতালে ভর্তি হওয়ার সম্ভাবনা প্রায় 80% কম ছিল।*

Public Health Scotland
Healthier Scotland
Scottish Government
NHS
SCOTLAND

গর্ভাবস্থায় RSV ভ্যাকসিন নেওয়া কি আমার শিশুর জন্য নিরাপদ?

সমস্ত ওষুধ (ভ্যাকসিন সহ) ব্যবহারের অনুমতি দেওয়ার আগে তাদের নিরাপত্তা পরীক্ষা করা হয়। একবার ভ্যাকসিনগুলো ব্যবহার করার জন্য অনুমোদিত হলে, সেগুলোর সুরক্ষা খুঁটিয়ে পর্যবেক্ষণ করা অব্যাহত থাকে।

ভ্যাকসিনটির সুরক্ষার রেকর্ড ভালো এবং এটি ইউকে, ইউরোপ এবং মার্কিন যুক্তরাষ্ট্রের ওষুধ নিয়ন্ত্রকদের দ্বারা অনুমোদিত হয়েছে। জাতীয় কর্মসূচিতে লক্ষ লক্ষ গর্ভবতী মহিলা RSV টিকা নিয়েছেন।

আমার সন্তান কি এরপরও RSV -তে আক্রান্ত হতে পারে?

ভ্যাকসিন নেওয়ার ফলে আপনার শিশুর গুরুতর RSV রোগে আক্রান্ত হওয়ার সম্ভাবনা কম হতে দেখা গেছে। সকল ওষুধের মতো, কোনো ভ্যাকসিন সম্পূর্ণভাবে কার্যকর নয় এবং ভ্যাকসিন থাকা সত্ত্বেও কিছু শিশু RSV –এ আক্রান্ত হতে পারে। যাইহোক, গর্ভাবস্থায় টিকা দেওয়ার পরে, আপনার সন্তানের যে কোনো RSV সংক্রমণ কম গুরুতর হওয়া উচিত।

গর্ভাবস্থায় আমাকে কি অন্য টিকা দেওয়া হবে?

হ্যাঁ। আপনার মিডওয়াইফ (বা ধাই)-এর সাথে কথা বলুন অথবা **www.nhsinform.scot/vaccinesinpregnancy** দেখুন যাতে আপনি জানতে পারেন আপনি কোন কোন ভ্যাকসিনের জন্য যোগ্য। সঠিক সময়ে ভ্যাকসিন নেওয়া অত্যন্ত জরুরি।

আমার ভ্যাকসিন না নেওয়ার কোন কারণ আছে কি?

খুব কম লোকই আছে যারা টিকা নিতে পারবে না। ভ্যাকসিনের যে কোনো উপাদানে বা একই ভ্যাকসিনের পূর্ববর্তী ডোজে নিশ্চিত গুরুতর অ্যালার্জির প্রতিক্রিয়া (অ্যানাফিল্যাক্সিস) হয়েছে এমন ব্যক্তিদের ভ্যাকসিন নেওয়ার আগে তাদের স্বাস্থ্য পেশাদারের পরামর্শ নেওয়া উচিত।

ভ্যাকসিন উপাদান সম্পর্কে আরো তথ্যের জন্য এবং রোগীর তথ্য সম্বলিত লিফলেটের লিঙ্কগুলোর জন্য, **www.nhsinform.scot/rsv-baby** ওয়েবসাইট দেখুন

RSV ভ্যাকসিনের পার্শ্বপ্রতিক্রিয়া

পার্শ্ব-প্রতিক্রিয়াগুলি সাধারণত মৃদু হয়। ইনজেকশনের জায়গায় আপনার ব্যথা, লালভাব বা ফোলাভাব হতে পারে। আপনার 1 বা 2 দিন ধরে মাথা ব্যথা বা পেশীতে ব্যথা হতে পারে।

বয়স্কদের মধ্যে, ভ্যাকসিন দেওয়ার পরে বিরল ক্ষেত্রে স্নায়ুতন্ত্রের একটি অসুখ গিলাঁ-বারে সিন্ড্রোম, দেখা যায় যার ফলে দুর্বলতার ঘটে। বেশ কিছু সাধারণ সংক্রমণ এবং অন্যান্য কিছু ভ্যাকসিন গ্রহণের পরেও এই একই অসুখ হতে দেখা দেয়। এই অসুখটি অল্পবয়সী ব্যক্তিদের মধ্যে অনেক কম দেখা যায় এবং এখনও পর্যন্ত, এমন কোনও প্রমাণ নেই যে RSV ভ্যাকসিন গর্ভবতী মহিলাদের মধ্যে গিলাঁ-বারে সিন্ড্রোমের ঝুঁকি বাড়িয়ে তোলে।

পার্শ্ব প্রতিক্রিয়া রিপোর্ট করা

আপনি ইয়েলো কার্ড স্কিমের মাধ্যমে **www.mhra.gov.uk/yellowcard** ওয়েবসাইটে ইয়েলো কার্ড অ্যাপ ব্যবহার করে বা **0800 731 6789** নম্বরে কল করে ভ্যাকসিন এবং ওষুধের সন্দেহজনক পার্শ্বপ্রতিক্রিয়া সম্পর্কে রিপোর্ট করতে পারেন।

আরো তথ্য

Www.nhsinform.scot/rsv-baby ওয়েবসাইট ভিজিট করে আপনি আপনার মিডওয়াইফ, একজন স্বাস্থ্য পেশাদারের সাথেও কথা বলতে পারেন বা **0800 22 44 88** নম্বরে NHS ইনফর্মকে কল করতে পারেন।

*সূত্র: পাবলিক হেলথ স্কটল্যান্ড ওয়েবসাইটে 7 আগস্ট 2025 **তারিখের ভাইরাল শ্বাসযন্ত্রের রোগ (ইনফ্লুয়েঞ্জা এবং COVID-19 সহ)** স্কটল্যান্ড নজরদারি প্রতিবেদন দেখুন।

অনুবাদসমূহ | সহজ পাঠ | বিএসএল | অডিও | বড় মুদ্রণ | ব্রেইল

প্রকাশের সময় পর্যন্ত তথ্য সঠিক। অন্যান্য ফর্ম্যাট এবং অনুবাদ সমর্থন সহ আরও তথ্যের জন্য:

www.nhsinform.scot/rsv-baby
phs.otherformats@phs.scot

www.publihealthscotland.scot

পাবলিক হেল্থ স্কটল্যান্ড হল স্কটল্যান্ডের জনগণের স্বাস্থ্য ও সুস্থতার উন্নতি এবং সুরক্ষার জন্য স্কটল্যান্ডের একটি জাতীয় সংস্থা।

© পাবলিক হেল্থ স্কটল্যান্ড 2025

OGL
এই প্রকাশনাটি পুনরায় ব্যবহারের জন্য লাইসেন্সপ্রাপ্ত ওপেন গভর্নমেন্ট লাইসেন্স v3.0 এর অধীনে। আরও তথ্যের জন্য, দেখুন
www.publichealthscotland.scot/ogl

2087 10/2025 ALT 10/2025